

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.০৬.০০১.১৮.১৭৪

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৫

১৪ আগস্ট ২০১৮

বিষয়: সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র: অধিশাখা-৪ সমন্বয় এর স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.০৬.০২০.১৬-৩১৫ তারিখ-২৪.০৭.২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ১৭ জুলাই ২০১৮খ্রি. তারিখে মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সমন্বয় সভার ২.৮ ক্রমিকের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করে প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত
১	এ বিষয়ে সভাপতি বলেন, প্রায় সকল সরকারি কলেজে অনার্স ও মাস্টার্স কোর্স চালু করা হয়েছে। কোর্স চালুর পর দেখা যাচ্ছে যে, প্রয়োজনীয় শিক্ষকের অভাব রয়েছে। তিনি কলেজে অনার্স ও মাস্টার্স কোর্স খোলার পূর্বে সংশ্লিষ্ট বিষয়ের প্রয়োজনীয় শিক্ষক রয়েছে কিনা, তা খতিয়া দেখার নির্দেশনা দেন। এছাড়া ইতোমধ্যে যে সকর কলেজে অনার্স ও মাস্টার্স কোর্স চালু করা হয়েছে সে সকল কলেজে বিষয় ভিত্তিক কত সংখ্যক শিক্ষকের পদ শূন্য রয়েছে তার একটি ডাটাবেস করারও নির্দেশনা দেন। কোন কলেজে পদ সৃজনের দরকার হলে তাও প্রচলিত বিধিবিধান ও নিয়ম মেনে করার পরামর্শ দেন। আলোচনায় অংশ নিয়ে সচিব বলেন যে, আগামী ২০১৯ সাল পর্যন্ত কি সংখ্যক পদ শূন্য হবে তার তালিকা করা দরকার। বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়।	যে সকল কলেজে অনার্স এবং মাস্টার্স চালু আছে সে সকল কলেজের শূন্য পদের সংখ্যা এবং ভবিষ্যতে খালি হবে এমন শূন্য পদের তালিকা করতে হবে আগামী ২০১৯ সন পর্যন্ত পর্যায়ক্রমে শূন্য পদের ডাটাবেস করতে হবে; কোন কলেজে পদ সৃজনের দরকার হলে তাও প্রচলিত বিধিবিধান ও নিয়ম মেনে পদ সৃজনের ব্যবস্থা নিতে হবে।

১৪-৮-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম
উপসচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.০৬.০০১.১৮.১৭৪/১(৪)

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৫

১৪ আগস্ট ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৪) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৪-৮-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম
উপসচিব